গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং(একাডেমিক ভবন)
শেরেবাংলা নগর,ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

স্মারক নং ৪৫.০৩.০০০০. ০০২.০১.০০২.১৯- ৬৫৫ তারিখঃ ০৫/০৫/২০১৯

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে পোস্ট বেসিক বিএসসি নার্সিং/ বিএসসি পাবলিক হেলথ নার্সিং কোর্স এ অন-লাইনে ছাত্র-ছাত্রী ভর্তির আবেদন আহ্বান।

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরাধিন নিম্ন বর্ণিত ০৫(পাঁচ)টি সরকারি নার্সিং কলেজে ০২(দুই) বছর মেয়াদী পোস্ট বেসিক বি.এসসি নার্সিং/ বি.এসসি পাবলিক হেলথ নার্সিং কোর্স এ ছাত্র-ছাত্রী ভর্তির জন্য অন-লাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

কলেজ কোড	নার্সিং কলেজের নাম	কোর্সের নাম	আসন সংখ্যা	আসন বিন্যাস
০১	কলেজ অব নার্সিং, মহাখালী, ঢাকা	০২(দুই) বছর মেয়াদী বি.এসসি নার্সিং/ বি.এসসি পাবলিক হেলথ নার্সিং	১২৫টি	ক. সরকারি প্রতিষ্ঠানে কর্মরত মহিলা প্রার্থীদের জন্য আসন সংখ্যা-১০৩(একশত তিন) ও পুরুষ প্রার্থী সংখ্যা- ১২(বার)। খ. বিদেশী প্রার্থীদের জন্য সংরক্ষিত আসন সংখ্যা-০৫(পাঁচ)। গ. বেসরকারি প্রার্থীদের জন্য আসন সংখ্যা-০৫(পাঁচ) তন্মধ্যে মহিলা প্রার্থী সংখ্যা-০৪(চার) ও পুরুষ প্রার্থী সংখ্যা-০১(এক)।
০২	ফৌজদারহাট নার্সিং কলেজ, চট্টগ্রাম		১২৫টি	ক. সরকারি প্রতিষ্ঠানে কর্মরত মহিলা প্রার্থীদের জন্য আসন সংখ্যা-১০৮(একশত আট)ও পুরুষ প্রার্থী সংখ্যা-১২(বার)। খ. বেসরকারী প্রার্থীদের জন্য আসন সংখ্যা-০৫(পাঁচ) তন্মধ্যে মহিলা প্রার্থী ০৪(চার) এবং পুরুষ প্রার্থী সংখ্যা ০১(এক)।
০৩	বগুড়া নার্সিং কলেজ, বগুড়া		১২৫টি	ক. সরকারি প্রতিষ্ঠানে কর্মরত মহিলা প্রার্থীদের জন্য আসন সংখ্যা-১০৮(একশত আট)ও পুরুষ প্রার্থী সংখ্যা-১২(বার)। খ. বেসরকারি প্রার্থীদের জন্য আসন সংখ্যা-০৫(পাঁচ) তন্মধ্যে মহিলা প্রার্থী সংখ্যা-০৪(চার)ও পুরুষ প্রার্থী সংখ্যা-০১(এক)
৪	খুলনা নার্সিং কলেজ, খুলনা		১২৫টি	ক. সরকারি প্রতিষ্ঠানে কর্মরত মহিলা প্রার্থীদের জন্য আসন সংখ্যা-১০৮(একশত আট)ও পুরুষ প্রার্থী সংখ্যা-১২(বার)। খ. বেসরকারি প্রার্থীদের জন্য আসন সংখ্যা- ০৫(পাঁচ) তন্মধ্যে মহিলা প্রার্থী সংখ্যা-০৪(চার) ও পুরুষ প্রার্থী সংখ্যা-০১(এক)।
৫	সৈয়দা জোহরা তাজউদ্দিন নার্সিং কলেজ, কাপাসিয়া, গাজীপুর		১২৫টি	ক. সরকারি প্রতিষ্ঠানে কর্মরত মহিলা প্রার্থীদের জন্য আসন সংখ্যা-১০৮(একশত আট)ও পুরুষ প্রার্থী সংখ্যা-১২(বার)। খ. বেসরকারি প্রার্থীদের জন্য আসন সংখ্যা- ০৫(পাঁচ) তন্মধ্যে মহিলা প্রার্থী সংখ্যা-০৪(চার) ও পুরুষ প্রার্থী সংখ্যা-০১(এক)।

২. প্রার্থীর যোগ্যতাঃ

২.ক বাংলাদেশী প্রার্থীঃ

- এসএসসি বা সমমান/ এইচএসসি বা সমমানের পরীক্ষায় পাস;
- ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি/ ডিপ্লোমা ইন নার্সিং বা সমমান;
- বাংলাদেশ নার্সিং এন্ড মিডওয়াইফারি কাউন্সিল হতে রেজিস্ট্রেশন প্রাপ্ত;
- সরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের উক্ত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য সিনিয়র স্টাফ নার্স/স্টাফ নার্স/ নার্স পদে কমপক্ষে ০২ (দুই)বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে এবং অভিজ্ঞতার স্বপক্ষে স্থানীয় কর্তৃপক্ষের নিকট হতে প্রত্যয়নপত্র আছে কিনা তা অন-লাইন আবেদনে উল্লেখ করতে হবে;
- বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে চাকরীর অভিজ্ঞতা শিথিলযোগ্য;

চলমান পাতা-০২

২.খ বিদেশী প্রার্থীঃ

- মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় পাস;
- ডিপ্লোমা ইন নার্সিং পাস;
- সংশ্লিষ্ট দেশের নার্সিং কাউন্সিল থেকে হাল নাগাদ রেজিস্ট্রেশন প্রাপ্ত;
- ডিপ্লোমা ইন নার্সিং পাসের পর সংশ্লিষ্ট ক্ষেত্রে ০২(দুই) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে;
- উপযুক্ত চিকিৎসক কর্তৃক স্বাস্থ্য পরীক্ষার সনদপত্র;
- বিদেশী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশের দূতাবাসের মাধ্যমে আবেদন করতে হবে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে প্রাপ্ত বিদেশী প্রার্থীদের একটি কমিটির মাধ্যমে মূল্যায়ণ করে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে সংশ্লিষ্ট নার্সিং কলেজে ভর্তি করা হবে।

৩. অন-লাইনে আবেদনপত্র পূরণ ও ভর্তি পরীক্ষার ফি জমাদানের নিয়মাবলীঃ

৩.ক প্রার্থীকে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের Web Address www.dgnm.gov.bd এর মাধ্যমে নির্ধারিত আবেদনপত্র পূরণ করে অন-লাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম ও ফি জমাদান সম্পন্ন করবেন। অবশ্যই ফর্ম পূরণের পূর্বে প্রার্থী Instructions & Advertisement Download করে প্রতিটি নির্দেশনা ভাল করে আয়ত্ত করে নিবেন।

৩.খ শুধুমাত্র Application ID (এ্যাপলিকেশন আইডি) প্রাপ্ত প্রার্থীগণ Application ID প্রাপ্তির পর Bkash এর মাধ্যমে ভর্তি পরীক্ষার ফি বাবদ ৫০০/-(পাঁচশত) টাকা মাত্র জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র পূরণ করা যাবে না।

৪. ভর্তি পরীক্ষার ফি প্রদানঃ

অন লাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ পূর্বক নির্দেশনামতে ছবি এবং প্রার্থীর স্বাক্ষর আপলোড (Upload) করে প্রার্থী কর্তৃক আবেদনপত্র সাবমিশন(Submission) সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র সাবমিট(Submit) করা সম্পন্ন হলে প্রার্থী Application ID সহ ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থীকে প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করতে হবে।

৪.ক **আবেদনের ওয়েব সাইট www.dgnm.gov.bd এর লগইন অপশন থেকে আবেদন নম্বর (Application ID) এবং পার্সওয়ার্ড ব্যবহার করে লগইন করুনঃ**

১ম ধাপ- বিকাশ পেমেন্ট বাটনে ক্লিক করুন। একটি স্ক্রীন দেখা যাবে, উক্ত স্ক্রীনে আপনার বিকাশ একাউন্ট নম্বর দিন এবং শর্তাবলীতে সম্মতি দিয়ে পরবর্তী ধাপে যান;

২য় ধাপ- বিকাশ আপনার একাউন্ট নম্বর হিসেবে ব্যবহৃত মোবাইল নম্বরে ৬(ছয়) সংখ্যার একটি ভেরিফিকেশন কোড পাঠাবে। কোডটি পেমেন্ট স্ক্রীনে দিয়ে পরবর্তী ধাপে যান।

৩য় ধাপ- এরপর আপনার বিকাশ একাউন্টের পিন (PIN) দিন এবং পেমেন্ট সম্পন্ন করুন। পেমেন্ট সম্পন্ন হলে সাথে সাথেই বিকাশ থেকে একটি কনফারমেশন এসএমএস পাবেন।

৫. **ছবি আপলোড (Upload)** ঃ সদ্যতোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি সাইজ ১০০ কেবি সাইজ- ৩০০ × ৩০০ পিক্সেল JPG ফরমেট এ আপলোড করতে হবে।

৬. **প্রার্থীর স্বাক্ষর** ঃ আবেদনপত্রের নির্ধারিত স্থানে প্রার্থীর স্বাক্ষর স্ক্যান করে সাদা ব্যাক গ্রাইন্ড সাইজ ২৫০× ১৫০ পিক্সেল JPG ফরমেট এ আপলোড করতে হবে।

৭. **প্রবেশপত্র (Admit Card)** ঃ প্রার্থী তার Application ID ও password নম্বর ব্যবহার করে ছবি ও রেজিস্ট্রেশন নম্বর সম্বলিত প্রবেশপত্র (Admit Card) download করতে পারবেন।

৮. ডিক্লারেশনঃ

প্রার্থীকে অন-লাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্য বা তার অংশ বিশেষ অসত্য বা মিথ্যা প্রমানিত হলে অথবা কোন অযোগ্যতা পরিলক্ষিত হলে তার প্রার্থীতা এবং ভর্তি বাতিল বলে গণ্য হবে। তৎপরবর্তীতে যে কোন আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৯. ভর্তিচ্ছুক প্রার্থীকে ১০০ নম্বরের নৈর্ব্যক্তিক (MCQ) প্রশ্নের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। এ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার যাতায়াত/ দৈনিক ভাতা প্রদান করা হবে না। পরীক্ষার হলে যে কোন প্রকার ইলেকট্রিক ডিভাইস(ক্যালকুলেটর, মোবাইল ফোন বা এ জাতীয় কোন যন্ত্রপাতি) সংগে আনা যাবে না। শুধুমাত্র পেন্সিল, কলম, রাবার, স্কেল ইত্যাদি ব্যবহার করতে পারবেন।

১০. অন্যান্য শর্তাবলীঃ

১০.ক সিভিল সার্জন বা সমমান/আরপি/আর এস অথবা সমপদমর্যাদা সম্পন্ন চিকিৎসক কর্তৃক স্বাস্থ্য পরীক্ষার সনদপত্র ভর্তিকালীন জমা দিতে হবে;

১০.খ সরকারী সেবা প্রদানকারী প্রতিষ্ঠানে কর্মরত সিনিয়র স্টাফ নার্স/ স্টাফ নার্স/নার্স/ নার্সিং সুপারভাইজার এর সৃষ্ট পদের বিপরীতে ন্যূনতম ১০% ভর্তির জন্য নির্বাচিত নার্সিং কর্মকর্তাকে জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রেষণাদেশ / সংযুক্তি আদেশ প্রদান করা হবে।

চলমান পাতা-৩

১০.গ নির্বাচিত প্রার্থীকে নিম্নবর্ণিত কাগজ পত্রাদির অনুলিপি ন্যুনতম ১ম শ্রেণির গেজেটেড সরকারী কর্মকর্তা (৯ম গ্রেড) কর্তৃক সত্যায়িত করে জমাদান পূর্বক নির্ধারিত তারিখের মধ্যে সংশ্লিষ্ট কলেজে ভর্তি হতে হবে।

১০.ঘ শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে;

১০.ঙ download করা Applicant's Copy এর অনুলিপি জমা দিতে হবে;

১০.চ download করা প্রবেশপত্র (Admit Card) এর অনুলিপি জমা দিতে হবে;

১০.ছ বাংলাদেশ নার্সিং এন্ড মিডওয়াইফারি কাউন্সিল হতে প্রাপ্ত হাল নাগাদ রেজিস্ট্রেশন এর সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

১১. নির্বাচিত প্রার্থী কলেজে অধ্যয়ণকালে কোন প্রকার চাকরী, প্রশিক্ষণ বা অন্য কোন প্রতিষ্ঠানে অধ্যয়ণ করতে পারবেন না।

১২. কোর্সে অধ্যয়ণকালে সংশ্লিষ্ট নার্সিং কলেজ/ বিশ্ববিদ্যালয়ের কোর্স কারিকুলাম/বিধি-বিধান মেনে চলতে হবে।

১৩. নির্বাচিত পুরুষ প্রার্থীদের নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করতে হবে, আবাসন সংকুলান না হলে মহিলা প্রার্থীকেও নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করতে হবে।

১৪. **আবেদন, প্রবেশপত্র সংগ্রহ ও ভর্তি পরীক্ষার তারিখ ও সময়সূচীঃ**

অন-লাইন আবেদন (Application) শুরুর তারিখ	০৬ /০৫/২০১৯ সকাল ১০.০০ ঘটিকা হতে
অন-লাইন আবেদনের (Application) শেষ তারিখ	২৫/০৫/২০১৯ রাত ১১.৫৯ মিঃ পর্যন্ত
অন-লাইনে প্রবেশপত্র সংগ্রহের তারিখ	২৯/০৫/২০১৯ থেকে ১০/০৬/২০১৯
ভর্তি রীক্ষার তারিখ	১৪/০৬/২০১৯

১৬. এ ভর্তি বিজ্ঞপ্তি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েব-সাইট(**www.dgnm.gov.bd**) এ পাওয়া যাবে।

বি: দ্রঃ আবেদনকালীন কোন সমস্যা হলে নিম্নের মোবাইল নম্বরে যোগাযোগ করুন (রাত ১০.০০ টার মধ্যে): ০১৩০৬৪৪৩২০২

তন্দ্রা শিকদার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং ৪৫.০৩.০০০০. ০০২.০১.০০২.১৯-৬৬৫/২(২২) তারিখঃ-০৫/০৫/২০১৯

অনুলিপি অবগতির জন্য বিতরন করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। উপসচিব (নার্সিং),স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। পরিচালক(শিক্ষা), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৪। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ঢাকা-কে বিএনএমসি'র ওয়েব সাইট প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৫। সেবা তত্ত্বাবধায়ক/ উপসেবা তত্ত্বাবধায়ক(সকল)-কে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েব সাইট থেকে বিজ্ঞপ্তিটি ডাউনলোড করে সংশ্লিষ্ট নার্সিং কর্মকর্তাদের অবহিতকরণের জন্য অনুরোধ করা হলো।
৬। জেলা পাবলিকহেলথ নার্সিং (সকল)-কে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েব সাইট থেকে বিজ্ঞপ্তিটি ডাউনলোড করে সংশ্লিষ্ট নার্সিং কর্মকর্তাদের অবহিতকরণের জন্য অনুরোধ করা হলো।
৭। পরিসংখ্যানবিদ, পিএমআই এস শাখা, অত্র অধিদপ্তর, ঢাকা(বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য বলা হলো)।
৮। Honorable High Commissioner, Indian High Commission, Dhaka/ Honorable High Commissioner, Nepal High Commission, Dhaka/Consulates of Royel Thai Embassy, Dhaka/ Honorable High Commissioner, Bhutan High Commission, Dhaka.

০৫/০৫/২০১৯
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।